

বরাবর
উপজেলা শিক্ষা অফিসার
মির্জাগঞ্জ।

বিষয় : পবিত্র মাহে রমজান ২০২০ খৃঃ উপলক্ষে বাংলাদেশ টেলিভিশনে পুরো রমজান মাস জুড়ে প্রচারের উদ্দেশ্যে স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কিরাত, হামদ ও নাত প্রতিযোগিতামূলক অনুষ্ঠান “বিআরবি নূরের আলোয় জ্যোতিময়” প্রাথমিক বাছাই পর্বে সার্বিক সহযোগিতা প্রসঙ্গে।

মহাত্মন


গণমাধ্যম হিসাবে টেলিভিশন বর্তমান বিশ্বে সবচেয়ে শক্তিশালী এবং সর্বজনগ্রাহ্য একটি মাধ্যম হিসাবে ইতোমধ্যে সারা বিশ্বে তার ভূমিকা প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে। বাংলাদেশ টেলিভিশনও রাষ্ট্রীয় গণমাধ্যম হিসাবে যাত্রালগ্ন থেকে গণসচেতনতামূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করে দেশের উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখছে। একটি উন্নয়নশীল দেশের গণমাধ্যম হিসেবে বাংলাদেশে তার এই প্রচেষ্টা আরো বেগবান করবে বলে আমরা বিশ্বাস করি। তাই বিটিভি'র পরিকল্পনা অনুযায়ী দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে পবিত্র মাহে রমজানে কিরাত, হামদ ও নাত প্রতিযোগিতামূলক অনুষ্ঠান “বিআরবি নূরের আলোয় জ্যোতিময়” প্রচারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এ বিষয়ে আপনার উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অবহিত করতে বিনীত অনুরোধ করছি। নিম্নে অংশগ্রহণের ভেন্যু/তারিখ উল্লেখ করা হলোঃ

অনুষ্ঠানটি নির্মাণ করে বিটিভি'তে জমাদানের জন্য ইভেন্ট ম্যানেজমেন্ট হিসাবে (বিটিভি'র বিজ্ঞাপন তালিকাভুক্ত প্রতিষ্ঠান) ম্যাব এন্টারটেইনমেন্ট দায়িত্ব পালন করছে।

অতএব মহোদয় বিটিভি'র এরকম একটি মহতি অনুষ্ঠান নির্মাণ ও প্রচারে আপনার সদয় সহযোগিতা একান্তকাম্য।

বিনীত



আখতারুজ্জামান বাবন
পরিকল্পনা, গবেষণা ও পরিচালনা
সিইও, ম্যাব এন্টারটেইনমেন্ট
মোবাইল : ০১৫৫২৪৮২৯৩৯

ভেন্যু/স্থান	তারিখ/সময়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম জোন (চট্টগ্রাম, কক্সবাজার, রাজামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, লক্ষ্মপুর, জেলা) ভেন্যুঃ চট্টগ্রাম শিশু একাডেমী প্রবর্তক মোড়,মিনি সুপার মার্কেট, ১নং হিলভিউ রোড, চট্টগ্রাম	১৬ মার্চ ২০২০, সোমবার সকাল ৯টা থেকে ৬টা পর্যন্ত।
বরিশাল বিভাগ (বরিশাল বিভাগের সকল জেলা) ভেন্যুঃ বরিশাল অশ্বিনী কুমার টাউন হল।	১৯ মার্চ ২০২০, বৃহস্পতিবার সকাল ৯টা থেকে ৬টা পর্যন্ত।
কুষ্টিয়া জোন (কুষ্টিয়া, মেহেরপুর, বীনাইদহ, চুয়াডাঙ্গা, নড়াইল খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, মাগুরা গোপালগঞ্জ, রাজবাড়ী) ভেন্যুঃ কুষ্টিয়া, মোঃ মজিবর রহমান পৌর অডিটরিয়াম, পৌরসভা ভবন।	২২ মার্চ ২০২০, রবিবার সকাল ৯টা থেকে ৬টা পর্যন্ত।
বগুড়া জোন (বগুড়া, জয়পুরহাট, নওগাঁ, সিরাজগঞ্জ, পাবনা রাজশাহী, ঠাকুরগাঁ, ছাপাইনবাবগঞ্জ, নাটর, পঞ্চগড়, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, কুড়িগ্রাম, নিলফামারী, গাইবান্দা) ভেন্যুঃ বগুড়া। জেলা পরিষদ মিলনায়তন, জলেশ্বরীতলা, বগুড়া।	২৪ মার্চ ২০২০, মঙ্গলবার সকাল ৯টা থেকে ৬টা পর্যন্ত।
জোন ঢাকা (সিলেট বিভাগের সকল জেলা, ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, কুমিল্লা, চাঁদপুর, বি-বাড়িয়া জেলা ময়মনসিংহ, টাঙ্গাইল, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, কিশোরগঞ্জ ফরিদপুর, মাদারিপুর, শরিয়তপুর) ভেন্যুঃ ঢাকা। বিএফডিসি, কারওয়ান বাজার, ঢাকা।	২৫ মার্চ ২০২০, বুধবার সকাল ৯টা থেকে ৬টা পর্যন্ত।
তাছাড়া জেলা ও জোন এর দুরত্ব কাছাকাছি হলে প্রতিযোগী যে কোন জোন এ অংশ গ্রহণ করতে পারবে। ১ম, ২য়, ৩য় ও চূড়ান্ত পর্ব বিএফডিসি, কারওয়ান বাজার, ঢাকা।	১ম, ২য়, ৩য় ও চূড়ান্ত পর্ব ২৯ মার্চ ২০২০ থেকে ০৩ এপ্রিল ২০২০ পর্যন্ত।

১ম পুরস্কার ২ লাখ, ২য় পুরস্কার ১ লাখ ও ৩য় পুরস্কার ৫০ হাজার টাকা।

